



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/30/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে ক্রিসমাস ও ছুটির সাজসজ্জায় থাকা সীসার সংস্পর্শ থেকে রক্ষা করতে বিধিমালায় স্বাক্ষর করেছেন

বিধিমালা (S.05675a/A.4522a) মৌসুমী এবং আলোকসজ্জার পণ্যে ব্যবহৃত সীসার প্রলেপের ব্যাপারে সতর্কতা লেবেল লাগানো আবশ্যিক করে

গভর্নর ক্যাথি হোকল বিধিমালা (S.05675/A.4522) কে আইন হিসেবে স্বাক্ষর করেছেন যা নিউ ইয়র্কবাসীকে ক্রিসমাস বাতি বা অন্যান্য ছুটির সাজসজ্জায় থাকা সীসার সংস্পর্শ থেকে রক্ষা করার জন্য সীসা-ভিত্তিক ইলেক্ট্রিক্যাল কর্ড কেসিং ব্যবহার করে এমন নির্দিষ্ট পণ্যে সতর্কতা লেবেল লাগানো আবশ্যিক করে। বিধিমালাটি মৌসুমী এবং আলোকসজ্জার পণ্যকে সংজ্ঞায়িত করে, একটি যথাযথ সতর্কতা লেবেল লাগানো আবশ্যিক করে, এবং এই বিধিমালা লঙ্ঘনকারী যেকোনো প্রস্তুতকারকের জন্য জরিমানা বাধ্যতামূলক করে।

"যখন আমরা ছুটির জন্য আমাদের বাড়িঘর সাজাচ্ছি, তখন নিউ ইয়র্কবাসীদের দুর্ঘটনাক্রমে শিশু ও প্রিয়জনদের সীসা বিষক্রিয়ার সম্মুখীন করা নিয়ে দুশ্চিন্তা করতে হওয়া উচিত না," **গভর্নর হোকল বলেন।** "বিধিমালাটি সহজ সাধারণ-জ্ঞান উপায় নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখার জন্য যে সময়টিতে আমরা প্রিয় ছুটির ঐতিহ্যে অংশগ্রহণ করি। চলুন একটি নিরাপদ, স্বাস্থ্যকর এবং সুখী ছুটির মৌসুম কাটাই।"

নতুন আইন "মৌসুমী এবং আলোকসজ্জার পণ্য (seasonal and decorative lighting product, SADLP)" সংজ্ঞায়িত করে এবং নিউ ইয়র্ক স্টেটে প্রস্তুতকৃত, বিকৃত বা বিতরণ করা প্রতি মিলিয়নে 100 পার্টের বেশি পরিমাণ সীসা উপস্থিত থাকা ইলেক্ট্রিক্যাল কর্ড কেসিংসহ প্রত্যেক SADLP-তে একটি সতর্কতা লেবেল লাগানো আবশ্যিক করে। সতর্কতা লেবেলে অবশ্যই লেখা থাকতে হবে "সতর্কতা: পণ্যটির প্রলেপযুক্ত ইলেক্ট্রিক্যাল তারটি ধরলে আপনি সীসার সংস্পর্শে আসতে পারেন। ব্যবহারের পর ভালোভাবে হাত ধুয়ে নিন।" এটি লঙ্ঘনকারী যেকোনো প্রস্তুতকারককে 500 মার্কিন ডলার জরিমানা প্রদান করতে হবে।

সাজানো ও মৌসুমী ছুটির বাতিতে সম্ভাব্য অনিরাপদ মাত্রায় সীসা আছে বলে দেখে গেছে। ভোক্তা পণ্যের নিরাপত্তা কমিশনের স্ট্যান্ডার্ড (Consumer Product Safety Commission's, CPSC) ওয়াইপ টেস্ট করা একাধিক স্বাধীন গবেষণায় দেখা গেছে যে কারো হাতে কতটা সীসা লেগে যায়, প্রকাশ করেছে যে কিছু ব্র্যান্ডে শিশু-পণ্যে নিয়ন্ত্রক অনুমতির মাত্রার 30 গুণ বেশি সীসা থাকে। 2008 সালে জার্নাল অফ এনভায়রনমেন্টাল হেলথ (Journal of Environmental Health) প্রকাশিত একটি গবেষণায় দেখা গেছে যে পরীক্ষিত প্রায় সকল বাতির সেটে এমন

মাত্রা রয়েছে যা জানালার ফ্রেম ও মেঝেতে ব্যবহারের জন্য এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency) প্রদত্ত সীমা অতিক্রম করেছে।

এটি বারবার প্রমাণিত হয়েছে যে সীসার সংস্পর্শে আসলে তার ফলে মারাত্মক স্বাস্থ্য সমস্যা হতে পারে যার মধ্যে রয়েছে মস্তিষ্ক ও কেন্দ্রীয় স্নায়ু ব্যবস্থায় আক্রমণ, হৃদরোগ ও কিডনি রোগ, হ্রাসকৃত প্রজনন ক্ষমতা ও বিষণ্ণতা, এবং শিশুদের জন্য মারাত্মক সমস্যা। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (World Health Organization, WHO) অনুযায়ী, কোনো নিরাপদ রক্ত মাত্রার ঘনত্ব নেই। ফেডারেল আইন সীসায়ুক্ত বাড়ির রঙ ও গ্যাসোলিনে বিক্রি ও প্রস্তুত নিষিদ্ধ করে এবং নিউ ইয়র্ক শুধু শিশুদের খেলনার এবং আসবাব ও গ্লেজযুক্ত খালাবাসনের রঙের ক্ষেত্রে কঠোর সীমা প্রণয়ন করে, স্টেটে সীসায়ুক্ত অন্য বেশিরভাগ ভোক্তা পণ্য কঠোরভাবে নিয়ন্ত্রিত হয় না।

ছুটির/সাজানোর বাতির, যার অধিকাংশ দেশের বাইরে প্রস্তুত হয়, তারের ঢাকনায় সীসা প্রদান করা হয় যাতে প্লাস্টিক ফেটে না যায় এবং এটি একটি আগুন রোধক হিসেবে কাজ করে। যেহেতু সীসা সহজে ত্বকে শোষিত হয় না, মূল দুশ্চিন্তা হল কোনো ব্যক্তি বাতি নিয়ে কাজ করা শেষ করার পর তার হাতে থেকে যাওয়া সীসার কিছু অংশ পাকস্থলীতে প্রবেশ করা। বিলটি নিউ ইয়র্কে বিক্রি হওয়া সীসায়ুক্ত যেকোনো পণ্যে স্পষ্ট করে লেখা সতর্কতা লেবেল লাগানো আবশ্যিক করবে, যা জানাবে যে পণ্যটি ভোক্তাকে দূষকের সংস্পর্শে আনে এবং যেখানে হাত ধোওয়ার পরিস্কার নির্দেশনা থাকবে।

স্টেট সিনেটর এলাইজাহ রেইখলিন-মেলনিক বলেন, "ছুটির জন্য সাজানোর কারণে আপনার পরিবারের স্বাস্থ্য ঝুঁকি গ্রস্ত হওয়া উচিত না, কিন্তু অনেক আলোকসজ্জা পণ্যে এমন পরিমাণে সীসা থাকে যা শিশু ও প্রাপ্তবয়স্ক উভয়ের জন্য ক্ষতিকর। গত পাঁচ দশকে গ্যাসোলিন, রঙ, এবং অন্যান্য কয়েক ডজন গৃহস্থালি পণ্য থেকে সীসা অপসারণ করা হয়েছে কারণ এটি বিষাক্ত এবং বিকশিত মস্তিষ্কের জন্য এটি অপূরণীয় ক্ষতি করে।"

অ্যাসেম্বলিমেম্বার স্যান্ডি গ্যালাফ বলেন, "আমরা জানি সীসা আমাদের স্বাস্থ্যের ক্ষতি করে এবং আমাদের এর ব্যবহার সীমাবদ্ধ করার জন্য সকল পদক্ষেপ নিতে হবে। নতুন আইন সেই দিকেই একটি পদক্ষেপ, এবং এছাড়াও এটি আমাদের সম্প্রদায়গুলির মানুষ যখন ছুটির জন্য সাজাচ্ছে তখন তাদের প্রতিদিনের দ্রব্যে সীসার উপস্থিতি নিয়ে শিক্ষিত করে। আমি সিনেটর রেইখলিন-মেলনিককে এই বিধিমালায় তার অংশীদারিত্বের জন্য এবং গভর্নর হোকলকে এর গুরুত্ব বুঝতে পারার জন্য ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)